# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে বিষয়গুলো নির্দেশ দেওয়া হয়েছে, এসব রাতে প্রতিপালনের নির্দেশ দেওয়া হয়েছে; দিনে নয়, এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْأَمْرَ بِهَذِهِ الْأَشْيَاءِ إِنَّمَا أَمْرٌ بِاسْتِعْمَالِهَا لَيْلًا لَا نَهَارًا

আরবী

1270 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُوسَى عَبْدَانُ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَعْمَرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَرْبَعٍ وَنَهَانَا عَنْ خَمْسٍ: إِذَا رقدتَ فأَغْلِقْ بَابَكَ وأَوْكِ سقاءك وخَمِّرْ إناءك وأطفىء مِصْبَاحَكَ فَإِنَّ الشَّيْطَانَ لَا يَفْتَحُ بَابًا وَلَا يَحُلُّ وِكَاءً وَلَا يَكْشِفُ غِطَاءً وَإِنَّ الْفَأْرَةَ الْفُوَيْسِقَةَ تحرقُ عَلَى أَهْلِ الْبَيْتِ بَيْتَهُمْ وَلَا تَأْكُل بِشِمَالِكَ وَلَا تَشْرَبْ بِشِمَالِكَ وَلَا تَمْشِ فِي نَعْلٍ وَاحِدَةٍ وَلَا تَشْتَمِلِ الصَّمَّاء وَلَا تَحْتَبِ فِي الإِزار مُفضياً.

الراوي : جَابِرِ بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1270 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

১২৭০. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে চারটি কাজ করার আদেশ দিয়েছেন এবং পাঁচটি কাজ থেকে নিষেধ করেছেন। (আদেশগুলো হলো) যখন তুমি ঘুমাতে যাবে, তখন দরজা বন্ধ করে দিবে, পানপাত্রের মুখ বন্ধ করবে, অন্যান্য পাত্রসমূহ ঢেকে রাখবে এবং বাতি নিভিয়ে দিবে। কেননা শয়তান বন্ধ দরজা খুলতে পারে না, বাধনযুক্ত পাত্রপাত্র খুলতে পারে না এবং ঢেকে রাখা পাত্র উন্মুক্ত করতে পারে না। আর ইঁদুর কোন কোন সময় (দোয়াত জ্বালিয়ে রাখলে, দোয়াতের ফিতা টেনে নিয়ে) মানুষের ঘরে আগুন লাগিয়ে দেয়।

(নিষেধগুলো হলো) বাম হাত দিয়ে খাবে না, বাম হাত দিয়ে পান করবে না, এক জুতা পরিধান করে হাঁটবে না, ইশতিমালুস সাম্মা (হাত-পা সহ পুরো শরীর এক কাপড়ে ঢেকে নেওয়া যেখানে হাত বের করার জন্য কোন ফাঁকা

রাখা হয়না) করে কাপড় পরিধান করবে না এবং লজ্জাস্থান উন্মুক্ত করে লুঙ্গি ইহতিবাহ (এক কাপড় পরিধান করে হাঁটু উঁচু করে হাত দিয়ে বেষ্টনী দিয়ে নিতম্বের উপর বসা) করে পরিধান করতে নিষেধ করেছেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২০৯৯; মুয়াত্তা ইমাম মালিক: ২/৯২২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ২৯৭৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90584

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন